CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGDSC/GE–301T/365**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGDSC/GE–301T

( বাংলা ভাষাতত্ত্ব )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো **কুড়িটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো।

২। মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরের যে কোনো একটি আঞ্চলিক রূপের নাম লেখো।

৩। নব্য ভারতীয় আর্যভাষার অন্তর্গত দুটি ভাষার নাম উল্লেখ করো।

৪। ভুসুকুপাদ কোন্ সময়ের কবি ছিলেন?

৫। মাগধী প্রাকৃত থেকে আগত যে কোনো একটি নব্য ভারতীয় আর্যভাষার নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৬। 'চর্যাপদ'-এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য ও গুরুত্ব বিষয়ে আলোচনা করেছেন এমন একজন ভাষাতাত্ত্বিকের নাম উল্লেখ করো।

৭। "চঞ্চল চীএ পইঠো কাল॥"—'চীএ' শব্দের অর্থ কী?

৮। আদি-মধ্যযুগের বাংলা ভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

৯। প্রাচীন বাংলার আনুমানিক সময়সীমা উল্লেখ করো।

১০। বাংলা ভাষার আধুনিক যুগের শুরু কোন্ শতাব্দীতে?

১১। বাংলা ভাষার প্রধান উপভাষা কয়টি?

১২। শ্রীহট্ট-কাছাড়-ত্রিপুরা অঞ্চলে ব্যবহৃত কথ্য ভাষা কোন্ উপভাষার অন্তর্গত?

১৩। বিভাষা বলতে কী বোঝ?

১৪। রাঢ়ী উপভাষা প্রচলিত একটি অঞ্চলের নাম লেখো।

১৫। 'অন্ন' শব্দের আদি অর্থ 'খাদ্য', পরিবর্তিত অর্থ 'ভাত'—এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারা?

১৬। ধ্বনি পরিবর্তনের একটি কারণ উল্লেখ করো।

১৭। ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে সর্বপ্রথমে কয়টি অংশে ভাগ করা হয়?

১৮। আদিস্বরলোপের একটি উদাহরণ দাও।

১৯। বড়দিদি > বড়দি—কীসের উদাহরণ?

২০। বাক্যের 'উদ্দেশ্য' বলতে কী বোঝায়?

২১। "বনে বাঘ থাকে।" 'বাঘ' কোন্ কারক?





২২। বিভক্তি কী?

২৩। সম্বন্ধ পদে সাধারণত কোন্ বিভক্তি হয়?

২৪। সমস্ত পদের একটি উদাহরণ দাও।

২৫। 'গাছপাকা' কোন্ সমাসের উদাহরণ?

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

২৬। মধ্যভারতীয় আর্যভাষার দুটি লক্ষণ লেখো।

২৭। অপভ্রংশ কী?

২৮। মধ্যবাংলার স্তর কয়টি? স্তরগুলোর নাম উল্লেখ করো।

২৯। "দ্বিপ্রহরে সূর্যের তেজ বর্দ্ধিত হইয়াছে।" এই বাক্যটি চলিত বাংলায় কীভাবে লেখা হবে?

৩০। ঝাড়খণ্ডী উপভাষার দুটি বৈশিষ্ট্য আলোচনা করো।

৩১। শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ নির্দেশ করো।

৩২। বর্ণদ্বিত্ব বলতে কী বোঝ? বর্ণদ্বিত্বের একটি উদাহরণ দাও।

৩৩। অপিনিহিতির দুটি উদাহরণ দাও।

৩৪। তৎপুরুষ সমাস বলতে কী বোঝ?

৩৫। ব্যাসবাক্যসহ সমাস লেখো—'হাঁটুজল'।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—C

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। প্রাচীন ভারতীয় আর্যভাষার লক্ষণ ও বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

৩৭। মধ্যভারতীয় আর্যভাষার তিনটি স্তর সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩৮। 'চর্যাপদ' অনুসরণে প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৩৯। আধুনিক বাংলা ভাষার রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৪০। বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৪১। অর্থ পরিবর্তনের ভৌগোলিক এবং ঐতিহাসিক কারণ সম্পর্কে আলোচনা করো।

৪২। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪৩। বাংলা বাক্যতত্ত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪৪। কারক বলতে কী বোঝ? যে কোনো দুই প্রকার কারকের উদাহরণসহ সংজ্ঞা সংক্ষেপে লেখো।

৪৫। অব্যয়ীভাব সমাস কাকে বলে? অব্যয়ীভাব সমাসের প্রকারভেদ সংক্ষেপে আলোচনা করো।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGSEC–301T/367**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGSEC–301T

**( অনুবাদতত্ত্ব ও গণজ্ঞাপন )**

*পূর্ণমান* : ৫০

*উত্তীর্ণমান* : ২০

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পনেরোটা) : ১×১৫=১৫

১। Target text-এর বাংলা প্রতিশব্দ কী?

২। তুলসীদাস কোন্ ভাষায় 'রামায়ণ' অনুবাদ করেছিলেন?

৩। 'সীতার বনবাস' কত সালে রচিত?

৪। 'লোরচন্দ্রাণী'র রচয়িতা কে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫। গিরিশচন্দ্র ঘোষের জন্মসাল কত?

৬। "নহ রাজা, পুত্র তব হবে রাজ্যেশ্বর।" ভবিষ্যদ্বাণীটি কার উদ্দেশ্যে উচ্চারিত হয়েছে?

৭। গিরিশ ঘোষ অনূদিত 'ম্যাকবেথ' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রথম অভিনীত হয়েছিল?

৮। শেক্সপীয়রের 'ম্যাকবেথ' কত খ্রিস্টাব্দে রচিত?

৯। বাংলা প্রতিশব্দ লেখো : Manuscript

১০। বাংলা প্রতিশব্দ লেখো : Information

১১। বাংলা প্রতিশব্দ লেখো : খিলঞ্জিয়া

১২। বাংলা প্রতিশব্দ লেখো : বাতাবরণ

১৩। বাংলা 'সাংবাদিকতা' শব্দের ইংরেজি পরিভাষা লেখো।

১৪। Blog-এর মাধ্যমে খবর, তথ্য পরিবেশন ও বিশ্লেষণ কী ধরনের সাংবাদিকতা?

১৫। বাংলার প্রথম সাময়িক পত্রটির নাম কী?

১৬। 'স্টিম পরিচালিত প্রেস'-এর যাত্রা সর্বপ্রথম কোন্ দেশে শুরু হয়?





১৭। মুদ্রণ প্রযুক্তির আবিষ্কারক কে?

১৮। যার কাছে বার্তা প্রেরণ করা হয় তাকে কী বলে?

১৯। ভারতবর্ষের কোথায় সর্বপ্রথম মুদ্রণযন্ত্রের দ্বারা গ্রন্থ প্রকাশের কাজ শুরু হয়?

২০। কত খ্রিস্টাব্দে প্রথম মুদ্রণ প্রযুক্তির আবিষ্কার হয়?

## SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ২×৫=১০

২১। আদর্শ অনুবাদের দুটি বৈশিষ্ট্য লেখো।

২২। ভাবানুবাদ বলতে কী বোঝ?

২৩। ট্র্যাজেডি বলতে কী বোঝ?

২৪। ড্যানকানের পুত্রদ্বয়ের নাম লেখো।

২৫। বাংলায় অনুবাদ করো :

"If you believe in living a respectable life, you believe in self-help which is the best help."

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৬। বাংলায় অনুবাদ করো :

अपनी जिन्दगी में वही इंसान कामयाब है जिसे टूटे को बनाना और रुठे को मनाना आता है।

২৭। সংবাদের দুটি উদ্দেশ্য লেখো।

২৮। দুটি ইলেক্ট্রনিক মিডিয়ার নাম লেখো।

২৯। গণজ্ঞাপন বিদ্যাশৃঙ্খলার দুটি তত্ত্বের নাম লেখো।

৩০। বিজ্ঞাপনের দুটি কাজ উল্লেখ করো।

## SECTION—C

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ৫×৫=২৫

৩১। অনুবাদের সমস্যাগুলি আলোচনা করো।

৩২। 'শকুন্তলা' অনুবাদে বিদ্যাসাগরের কৃতিত্ব বিশ্লেষণ করো।

৩৩। লেডি ম্যাকবেথ চরিত্রটি বিশ্লেষণ করো।

৩৪। 'ম্যাকবেথ' নাটকের অভিনয়ের ইতিহাস সম্পর্কে আলোচনা করো।





৩৫। বাংলায় অনুবাদ করো :

The *Panchatantra*, collection of short stories, was written in Sanskrit by Indian author, Vishnu Sharma. Some scholars also believe that it was written in around 3CE. *Panchatantra* stories are one of the most widely translated books in the history and are known for their wisdom on practical life.

৩৬। বাংলায় অনুবাদ করো :

एक पंडित भी घोर कष्ट में आ जाता है यदि वह किसी मूर्ख को उपदेश देता है, यदि वह एक दुष्ट पत्नी का लालन-पोषण करता है या किसी दुखी व्यक्ति के साथ अत्यंत घनिष्ठ सम्बन्ध बना लेता है।

৩৭। সংবাদপত্রের প্রাচীন ও নব্য রীতির পাঁচটি পার্থক্য উল্লেখ করো।

৩৮। সংবাদপত্র প্রকাশে সম্পাদকের গুরুত্ব বিশ্লেষণ করো।

৩৯। জ্ঞাপনের হাব মডেল (Hub model)টি আলোচনা করো।

৪০। গণজ্ঞাপনের মাধ্যমগুলি সংক্ষেপে আলোচনা করো।

★★★



2021/TDC/CBCS/ODD/
BNGSEC–301T/367

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGLAN–301T/366**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGLAN–301T

( কলা ও বাণিজ্য )

**( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো কুড়িটা) : ১×২০=২০

১। গ্রীক উৎসমূলের একটি তদ্ভব শব্দের উদাহরণ দাও।

২। একটি অসিদ্ধ তৎসম শব্দের উদাহরণ দাও।

৩। 'দাম' শব্দের উৎস ভাষা কোনটি?

৪। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত একটি দেশী শব্দের উদাহরণ দাও।

৫। 'কৃষ্ণ' শব্দটি তৎসম না অর্ধতৎসম?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৬। অর্থ সংকোচের একটি উদাহরণ দাও।

৭। গঙ্গা > গাঙ্— অর্থ পরিবর্তনের কোন্ ধারায় হয়েছে?

৮। অর্থ বিস্তারের একটি উদাহরণ দাও।

৯। সংস্কারগত কারণে শব্দের অর্থ পরিবর্তনের একটি উদাহরণ দাও।

১০। শব্দার্থ পরিবর্তনের একটি ধারার নাম লেখো।

১১। 'বাল্মীকি' না 'বাল্মিকি'— কোনটি শুদ্ধ?

১২। সাধুভাষার দুইটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

১৩। সর্বনাম ও ক্রিয়াপদের ক্ষেত্রে সাধু-চলিতের একটি পার্থক্য উল্লেখ করো।

১৪। আভিধানিক শব্দের প্রয়োগ বেশি হয় কোন্ গদ্যরীতিতে?

১৫। অশুদ্ধি সংশোধন করো : বন্দপাধ্যায়।

১৬। 'একা' প্রবন্ধটি 'কমলাকান্তের দপ্তর'-এর কত সংখ্যক রচনা?

১৭। কমলাকান্তকে কে দুধ সরবরাহ করতো?

১৮। 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

১৯। কমলাকান্ত কার আশ্রয়ে বাস করতেন?

২০। 'বসন্তের কোকিল' বলতে কোন্ সময়ের পাখির কথা বলা হয়েছে?

২১। শূন্যস্থান পূর্ণ করো :
"ধূলায় ধূসর রুক্ষ উড্ডীন _____ জটাজাল,"

২২। 'বর্ষশেষ' কবিতাটি কত বঙ্গাব্দে রচিত?





২৩। 'দুঃসময়' কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

২৪। 'স্বপ্ন' কবিতায় কবি-প্রিয়ার নাম কী?

২৫। "আছে শুধু পাখা, আছে মহানভ-অঙ্গন" কোন্ কবিতার অন্তর্গত?

## SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ২×৫=১০

২৬। বাংলা শব্দভাণ্ডারকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে ও কী কী?

২৭। 'সিদ্ধ তৎসম' শব্দের সংজ্ঞা দাও।

২৮। অর্থ সংকোচ বলতে কী বোঝ?

২৯। 'সন্দেশ' শব্দের মূল অর্থ কী ছিল? অর্থ পরিবর্তনের ফলে এর অর্থ কী হয়?

৩০। 'গুরুচণ্ডালী দোষ' কাকে বলে?

৩১। সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার ক্ষেত্রে সাধুভাষা ও চলিতভাষার পার্থক্য উল্লেখ করো।

৩২। 'কমলাকান্তের দপ্তর'-এর প্রবন্ধ সংখ্যা কত? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

৩৩। 'বড় বাজার' প্রবন্ধটিতে মোট কয়টি বাজারের উল্লেখ রয়েছে? লেখক প্রথম কোন্ বাজারে গিয়েছিলেন?

৩৪। " 'বর্ষশেষ' কবিতায় কবি কালবৈশাখী ঝড়কে 'সদ্যোজাত মহাবীর' বলিয়াছেন।" এই সম্বোধনের তাৎপর্য কী?

৩৫। রবীন্দ্রনাথের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—C

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ৮×৫=৪০

৩৬। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩৭। উদাহরণসহ আগন্তুক শব্দগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩৮। শব্দার্থ পরিবর্তনের কারণগুলি আলোচনা করো।

৩৯। উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের তিনটি ধারার পরিচয় দাও।

৪০। চলিতভাষা কাকে বলে? চলিতভাষার পাঁচটি বৈশিষ্ট্য লেখো।

৪১। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানরীতির আটটি বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

৪২। 'বসন্তের কোকিল' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজ-ভাবনার পরিচয় দাও।

৪৩। 'মনুষ্যফল' প্রবন্ধে সমাজের কিছু সংখ্যক মানুষের স্বভাব-বৈশিষ্ট্য ব্যঙ্গের মোড়কে পরিবেশন করা হয়েছে। বিষয়টি আলোচনা করো।

৪৪। 'দুঃসময়' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।

৪৫। 'স্বপ্ন' কবিতায় বর্ণিত কবির মানস-অভিসারের সংক্ষিপ্ত পরিচয় দাও।

★ ★ ★